37

তারিখ 15 MAY 1997
পৃষ্ঠা ৭ কলাম ৫

দৈনিক ইত্তেফাক

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

## গণিতের ভর্তি পরীক্ষা বাতিল ॥ প্রশ্নপত্র ফাঁসের অভিযোগ তদন্তে কমিটি

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর অধ্যাপক আমিরুল ইসলাম চৌধুরীর সভাপতিত্বে গতকাল বুধবার কেন্দ্রীয় ভর্তি পরিচালনা কমিটির এক জরুরী সভায় গত ১৩ মে অনুষ্ঠিত গণিত বিভাগের

(শেষ পৃঃ ৩-এর কঃ দ্রঃ)

## গণিতের ভর্তি পরীক্ষা

( ১ম পৃঃ পর )

১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণীর ভর্তি পরীক্ষার প্রশ্নপত্র ফাঁসের অভিযোগের প্রেক্ষিতে দুই শিফটের পরীক্ষা বাতিল করা হইয়াছে। এই অভিযোগ তদন্তের জন্য ৪ সদস্য বিশিষ্ট কমিটি গঠন করা হইয়াছে।

এছাড়া বাতিলকৃত ভর্তি পরীক্ষা গ্রহণের জন্য নূতনভাবে একটি ভর্তি পরীক্ষা পরিচালনা কমিটি গঠন করা হইয়াছে। বাতিলকৃত পরীক্ষা ২২মে সকাল ১০টা হইতে পূর্বের ন্যায় দুই শিফটে অনুষ্ঠিত হইবে। পরীক্ষার বিস্তারিত সময়সূচী বিজ্ঞপ্তির মাধ্যমে পত্রিকায় প্রচার করা হইবে।

—প্রেস বিজ্ঞপ্তি।